

## বিজ্ঞপ্তি

কল্যানী বিশ্ববিদ্যালয় ১৮/০৯/২০২০ তারিখে Part III (Hons.) / Major / General এবং P.G.- IV, Semester এর চূড়ান্ত পরীক্ষার যে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে তার প্রেক্ষিতে কলেজের সংশ্লিষ্ট ছাত্রীদের অবগত করা হচ্ছে যে, -

১) ছাত্রীদের, যাদের প্রামাণ্য Registration ও Roll number সহ Admit Card আছে তারা বিশ্ববিদ্যালয়ের সূচী অনুসারে বাড়িতে বসে পরীক্ষা দিতে পারবে। পরীক্ষার সূচী বিশ্ববিদ্যালয়ে এবং কলেজের website এ দেওয়া আছে।

**College Website :- berhamporegirlscollege.ac.in**

২) ছাত্রীদের জন্য নির্ধারিত প্রশ্নপত্র বিশ্ববিদ্যালয় এবং কলেজের website থেকে সূচী অনুসারে নির্ধারিত দিনে পরীক্ষা শুরুর এক ঘন্টা আগে পাবে, প্রয়োজনে download করবে।

৩) পরীক্ষার প্রশ্নের উত্তর লিখবার জন্য A4 সাইজের কাগজ ব্যবহার করতে হবে এবং সেই কাগজের একটি দিকেই উত্তর লেখা যাবে। প্রতি পাতায় আবশ্যিকভাবে - উপরে পাতার নম্বর (১,২,৩ প্রভৃতি), Registration Number, Roll Number, Subject, Paper স্পষ্ট ও নির্ভুল উল্লেখ করতে হবে।

৪) পরীক্ষা শেষের নির্ধারিত সময়ের দুই ঘন্টার মধ্যে স্বলিখিত উত্তরপত্র Scan করে E-mail অথবা Whats-App Number (কলেজ কর্তৃক বিভাগকেন্দ্রিক ও বিষয়ভিত্তিক E-mail ও Whats-App Number) এর মাধ্যমে সংশ্লিষ্ট ছাত্রীকেই প্রেরণ করতে হবে।

৫) যে সব ছাত্রীরা আন্তর্জালিক ব্যবস্থার অপ্রাপ্যতার কারণে Online Submission করতে সক্ষম হবে না, তাদেরকে সংশ্লিষ্ট পরীক্ষা শেষ হবার অব্যবহিত পরেই বিষয়টিকে অধ্যক্ষের গোচরে আনতে হবে। তারপর অধ্যক্ষের নির্দেশক্রমে উত্তরপত্র জমা করার বিষয়টি অগ্রসর করাতে পারবে, অধ্যক্ষের নির্দেশ পাবার পর তারা মুখবন্ধ খামে তাদের নিজস্ব উত্তরপত্র পরীক্ষা শেষ হবার পরের দিনেই কলেজ অফিসে জমা দিতে পারবে। খামের উপর Registration Number, Roll Number, Subject, Paper স্পষ্ট, নির্ভুল ও যথাযথ ভাবে উল্লেখ করতে হবে। তবে অবশ্যই

মনে রাখতে হবে, বিশেষ জরুরি পরিস্থিতি অথবা অপ্রতিরোধ্য কারণ প্রদর্শন ছাড়া কোনোভাবে এই পদ্ধতি প্রয়োগ করা যাবে না। বর্তমান অতিমারী পরিবেশে বিশ্ববিদ্যালয় প্রদত্ত নিয়মানুসারে ছাত্রীদের সামাজিক দূরত্ববিধি পালনপূর্বক যথাসাধ্য Online Submission প্রক্রিয়া গ্রহণ করতে নির্দেশ দেওয়া হচ্ছে।

৬) বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্দিষ্ট দিন ও সময় অনুসারে উত্তরপত্র Upload না করলে বা জমা না দিলে পরে তা আর কোনোভাবে গৃহীত হবে না।

৭) ব্যবহারিক বিষয়গুলি (Practical / Lab-based Subject)র ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য।

৮) আরও বিস্তারিত জানতে কলেজের সংশ্লিষ্ট বিভাগের প্রধানের সঙ্গে যোগাযোগ করতে নির্দেশ দেওয়া হচ্ছে।

মনে রাখতে হবে :

- বিশেষ পরিস্থিতির সাপেক্ষে offline -এ কলেজে এসে উত্তরপত্র জমা করা গেলেও, বর্তমান পরিস্থিতির নিরিখে এবং বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুসারে ছাত্রছাত্রীদের পরীক্ষা-সংক্রান্ত প্রয়োজনীয় যাবতীয় কার্যাবলী Online প্রক্রিয়ায় সম্পন্ন করতে নির্দেশ দেওয়া হচ্ছে।
- সংশ্লিষ্ট উত্তরপত্রগুলি কলেজ কর্তৃক নির্দিষ্ট এবং প্রদত্ত বিভাগীয় বিষয়ভিত্তিক নির্দিষ্ট E-mail Address অথবা বিভাগীয় Whats-App Number এই পাঠাতে হবে।
- বিভাগের সঙ্গে যোগাযোগ রক্ষা করা অত্যন্ত জরুরি।

২০/০৯/২০২০

হেনা সিনহা

অধ্যক্ষ

বহরমপুর গার্লস কলেজ

COLLEGE WEBSITE:-

[www.berhamporegirlscollege.ac.in](http://www.berhamporegirlscollege.ac.in)